রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, নভেম্বর ৯, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নং ৩০৮-আইন/২০২৩।**—বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) এর ধারা-৬৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইপিজেড বা জোনস্থ শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের লক্ষ্যে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড গঠন করিল :—

(১) মেজর জেনারেল আবুল কালাম মোহাম্মদ জিয়াউর রহমান, এনডিসি, পিএসসি, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(২) জনাব আলী রেজা মজিদ, অতিরিক্ত সচিব, সদস্য (বিনিয়োগ উন্নয়ন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা;

(৩) জনাব মোর্শেদা আক্তার, যুগ্ম সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

(৪) জনাব মোঃ তানভীর হোসেন, নির্বাহী পরিচালক (বিনিয়োগ উন্নয়ন), বেপজা, ঢাকা;

(৫) জনাব মোঃ খুরশিদ আলম, নির্বাহী পরিচালক (এন্টারপ্রাইজ সার্ভিসেস), বেপজা, ঢাকা;

(৬) জনাব মোহাম্মদ ফিজনূর রহমান, পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;

(৭) জনাব ফৌজিয়া রহমান, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;


**মূল্য :** টাকা ৪.০০

(৮) জনাব শাহাদাত মোশাররাফ খান, চেয়ারম্যান, বাংলাদেশ ইপিজেড ইনভেস্টরস এসাসিয়েশনস (ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স সেকশন সেভেন লিমিটেড, চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম);

(৯) জনাব সৈয়দ মোহাম্মদ তানভীর, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স প্যাসিফিক জিন্স লিমিটেড, চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম;

(১০) জনাব মোঃ নজরুল ইসলাম, সভাপতি মেসার্স জি এইচ হেইউয়ে কোম্পানি লিমিটেড (M/s GH Haewae Co. Ltd) শ্রমিক কল্যাণ সমিতি, চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম;

(১১) জনাব মোসাঃ মুক্তা আক্তার, সাংগঠনিক সম্পাদক, মেসার্স এসজি, উইকাস (বিডি) লিমিটেড (M/s SG Wicus (BD). Limited) শ্রমিক কল্যাণ সমিতি, ঢাকা ইপিজেড, ঢাকা;

২। **কর্মপরিধিঃ**

মজুরি বোর্ড ইপিজেডস্থ বা জোনস্থ শ্রমিকদের নতুন নিম্নতম মজুরি নির্ধারণের লক্ষ্যে জোন বহির্ভূত এলাকার শিল্প-কারখানার নিম্নতম মজুরি বা বেতন কাঠামো এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনাপূর্বক সরকারের নিকট যথাশীঘ্র উহার সুপারিশ পেশ করিবে।

৩। ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড, প্রয়োজনবোধে, প্রয়োজনীয় সংখ্যক সদস্যকে কো-অপ্ট করিতে পারিবে।

৪। সরকার, প্রয়োজনে, উপরি-উল্লিখিত মজুরি বোর্ড পুনর্গঠন করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ফিজনূর রহমান**
পরিচালক-১।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd